

অতি জরুরি
বিশেষ বাহক/ই-মেইলের মাধ্যমে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বিদ্যালয়-২ শাখা
www.mopme.gov.bd

নম্বর: ৩৮.০০.০০০০.০০৮.৩১.০৩৩.১৭-৬৭৩


২৪ কার্তিক ১৪২৬
তারিখঃ-----
০৯ নভেম্বর ২০১৯

বিষয়: ঘূর্ণিঝড় 'বুলবুল' মোকাবেলায় ব্যবস্থা গ্রহণ।

সূত্র: দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় দুর্যোগ ব্যবস্থাপনা সমন্বয় কমিটি'র ০৯ নভেম্বর ২০১৯ তারিখের সভা।

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের পূর্বাভাষ অনুযায়ী বঙ্গোপসাগর এলাকায় অবস্থানরত ঘূর্ণিঝড় 'বুলবুল' মোকাবেলায় দুর্যোগ ঝুঁকি হ্রাসকল্পে পূর্ব প্রস্তুতি, সাড়া দান এবং উদ্ধার কার্যক্রমের জন্য নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

- (ক) প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক ও প্রধান শিক্ষক, সহকারী উপজেলা শিক্ষা অফিসার, উপজেলা শিক্ষা অফিসার, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার এবং বিভাগীয় উপপরিচালকগণ স্থানীয় প্রশাসনের সঙ্গে সার্বক্ষণিক যোগাযোগক্রমে স্থানীয় প্রশাসনের নির্দেশিত সকল দায়িত্ব পালন করবেন;
- (খ) উপকূলীয় জেলার সকল শিক্ষা কর্মকর্তা, কর্মচারী ও প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের সকল প্রকার ছুটি বাতিল করা হলো;
- (গ) বিদ্যালয়-কাম-সাইক্লোন শেল্টারসমূহ, প্রাথমিক বিদ্যালয় ভবনসমূহ ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্র হিসাবে ব্যবহারের জন্য খোলা ও প্রস্তুত রাখতে হবে;
- (ঘ) প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক এতদবিষয়ে প্রয়োজনীয় সকল ব্যবস্থা গ্রহণ করবেন;
- (ঙ) প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সংশ্লিষ্ট বিভাগীয় উপপরিচালকের কার্যালয় এবং সংশ্লিষ্ট জেলা প্রাথমিক শিক্ষা অফিস ও উপজেলা শিক্ষা অফিসে কন্ট্রোল রুম চালু করতে হবে; এবং
- (চ) প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে স্থাপিত কন্ট্রোল রুমের সাথে সকল কন্ট্রোল রুমের কর্মকর্তাগণ যোগাযোগ রক্ষা করবেন (মন্ত্রণালয়ের কন্ট্রোল রুমের ফোন নং-০২-৯৫৪৬০৩৮, ০১৭১৫৮৬৮৬০৯, ০১৭১২১৫১০১৮)।


(নাজমা শেখ)
উপসচিব
ফোন: ৯৫৭৭২৫৫

- ১। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
- ২-৮। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা
খুলনা/বরিশাল/চট্টগ্রাম/ঢাকা/সিলেট/রংপুর/ময়মনসিংহ/রাজশাহী বিভাগ।

অনুলিপি:

- ১। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।